দৈনিক
ইনকিলাব

তারিখ ... 10 DEC 2006 ...
পৃষ্ঠা ১১ কলাম ৮ ....

*৩ সদস্যের তদন্ত কমিটি গঠিত*

# জাবিতে যৌন নিপীড়ক শিক্ষকের বিরুদ্ধে সাধারণ ছাত্রদের লাগাতার আন্দোলন শুরু

জাবি সংবাদদাতা ঃ যৌন নিপীড়নের ঘটনায় অভিযুক্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. গোলাম মস্তোফার অপসারণের দাবীতে লাগাতার আন্দোলন শুরু করছে সাধারণ শিক্ষার্থীরা। আন্দোলন কর্মসূচির প্রথম দিনে গতকাল (শনিবার) ক্যাম্পাসে মিছিল, সমাবেশ এবং বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর স্মারকলিপি প্রদান করেছে প্রায় দুই শতাধিক সাধারণ শিক্ষার্থী। এদিকে নিপীড়নের ঘটনার সংবাদ পরিবেশনের দায়ে সাংবাদিকদের হুমকি দেয়া অব্যাহত রেখেছেন অভিযুক্ত শিক্ষক ড. গোলাম মস্তোফা।

দীর্ঘদিন যাবত বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথমবর্ষের এক ছাত্রীকে অবৈধ সম্পর্ক গড়তে চাপ প্রয়োগ করছিলেন উক্ত বিভাগেরই শিক্ষক ড. গোলাম মস্তোফা। একদিন জোরপূর্বক তার উপর যৌন নিপীড়ন চালান তিনি। পরে বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর উক্ত ঘটনার বিচার দাবী করেন নিপীড়িত ছাত্রী।

এ ঘটনা ক্যাম্পাসে জানাজানি হলে প্রতিবাদমুখর হয়ে উঠে সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সমাবেশে শিক্ষার্থীরা নৈতিকভাবে স্খলিত শিক্ষকের অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবে বলে ঘোষণা দেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান বলেছেন, দ্রুতই এ ব্যাপারে তদন্ত কমিটি গঠন করে বিধি মোতাবেক বিচার করা হবে।

জানা গেছে, নিপীড়ক শিক্ষকের সংবাদ পরিবেশনের দায়ে সাংবাদিকদের হুমকি দেয়া অব্যাহত রেখেছেন ড. গোলাম মস্তোফা ও তার পালিত ক্যাডার বাহিনী। গত বৃহস্পতিবার রাতে জাবি সাংবাদিক সমিতির সভাপতি ও মানবজমিনের প্রতিনিধি এস এম নূরুজ্জামানকে সংবাদ পরিবেশনের দায়ে হুমকি প্রদান করেন উক্ত শিক্ষক এবং তার পালিত ক্যাডার বাহিনী।

এদিকে ছাত্রীর যৌন নিপীড়নের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল প্রফেসর ফারা শামসুদ্দীনের নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট এক তদন্ত কমিটি গঠন করেছে বলে জানা গেছে। এ কমিটির অপর দু'জন সদস্য হলেন- প্রফেসর সাকিনা সুলতানা ও ড. ফারজানা ইসলাম।